উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ৩১/০৭/২০২৩ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২২/০৬/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান উপজেলা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫ (গ) নং অনুচ্ছেদে ৩০শে জুন এর পর রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ০১/০৭/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত মোট আয়= ৮৬,৫১,০৮৯/৪৪ (ছিয়াশি লক্ষ একান্ন হাজার উননব্বই টাকা চুয়াল্লিশ পয়সা) এবং ০১/০৭/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত ০১ বছরের মোট ব্যয় ৫১,৫৮,২৮৪/১৯ (একান্ন লক্ষ আটান্ন হাজার দুইশত চুরাশি টাকা উনিশ পয়সা)। ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখে রাজস্ব উদ্বৃত্ত (৮৬,৫১,০৮৯/৪৪-৫১,৫৮,২৮৪/১৯)= ৩৪,৯২,৮০৫/২৫ (চৌত্রিশ লক্ষ বিরানব্বই হাজার আটশত পাঁচ টাকা চুরাশি পয়সা) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল চলতি হিসাব নং ২৭১৭০০১০১৯৭৯৯ সোনালী ব্যাংক লিমিটেড, কয়রা শাখায় জমা প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থবছরের উদ্বৃত্ত অর্থ ৩৪,৯২,৮০৫/২৫ (চৌত্রিশ লক্ষ বিরানব্বই হাজার আটশত পাঁচ টাকা চুরাশি পয়সা) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের পূনর্বাসনের লক্ষ্যে কয়রা উপজেলায় ৪র্থ পর্যায়ের (২য় ধাপে) ১০০টি গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। কাজের গুণগত মান বজায়ের স্বার্থে সকলকে প্রয়োজনীয় তদারকি এবং সহযোগিতা করার জন্য তিনি অনুরোধ করেন। | -- | -- |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভার জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ১০, ৩০ ধানের পাশাপাশি বিনা ৭৮ ধানের আবাদ করার পরামর্শ প্রদান করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জুন/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | -- | -- |

| ক্রঃ নং | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩ | বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা যে কোন প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩ বাস্তবায়ন করা হচ্ছে। ৬৫ দিন মৎস্য আহরণ হতে বিরত থাকা জেলেদের মাঝে বিশেষ ভিজিএফ (চাল) বিতরণ করা হচ্ছে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ০২. চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী অভিযান | চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>২০/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) মোবাইল কোর্ট- ০১টি<br>(খ) অভিযান- ৫৪ টি<br>(গ) আটক- ৫০ জন<br>(ঘ) জেল - ০১ জন<br>(ঙ) জরিমানা- ৫,৯৫,৫০০/- টাকা<br>(চ) নিলামের মাধ্যমে আদায়- ৩৬,২০০/- টাকা<br>(ছ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৭৯২ কেজি | | |
| | | ০৩. "সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম | প্রশিক্ষণ:<br>০৪ ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চিংড়ি ক্লাষ্টার এর কার্যক্রম:<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান। | | |
| | | ০৪. মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান | অব্যাহত আছে। | | |
| | | ০৫. অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | (ক) উপজেল প্রকৌশলী কয়রা, খুলনা সভায় জানান যে, প্রধান প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এলজিইডি সদর দপ্তর ঢাকা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ৪৬.০২.০০০০.০০১.১৮.০০২.২২-৫৪, তারিখ ২৫/০৮/২৩ খ্রি. মোতবেক অবকাঠামো নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরণ পূর্বক কাজের অগ্রগতি তরান্বিত করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি স্থাপন করার জন্য পত্র প্রেরণ করেন। পত্রের নির্দেশনা অনুযায়ী প্রতিটি উপজেলায় চলমান কাজের নির্মাণ সমগ্র ল্যাবরেটরি টেষ্ট সমূহ সম্পাদন করার লক্ষে মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি স্থাপন করার বিশেষ প্রয়োজন। উপজেলা প্রকৌশলী দপ্তরের ল্যাবরেটরি স্থাপন প্রকল্পের অনুকূলে ৭,২০,৮৮৩/- (সাত লক্ষ বিশ হাজার আটশত তিরাশি) টাকার প্রাক্কলন দাখিল করেছেন। যা অনুমোদন হলে দ্রুত কাজটি বাস্তবায়ন করা যেতে পারে। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে ব্যয় করার জন্য সভার সকলে মতামত প্রদান করেন। | | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী দপ্তরের ল্যাবরেটরি স্থাপন প্রকল্পের অনুকূলে ৭,২০,৮৮৩/- (সাত লক্ষ বিশ হাজার আটশত তিরাশি) টাকার কাজটি কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা। |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জুন/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | | -- | -- |

| সেবার নাম | মোট |
|---|---|
| সক্ষম দম্পত্তি | ৪৩,৪৬১ জন |
| গ্রহণকারী | ৩২,৯০০ জন |
| সি এ আর | ৭৫.৭০% |
| স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০ জন সর্বমোটঃ ০ জন। |
| আই ইউ ডি | নতুন ১৬ জন |
| ইমপ্ল্যান্ট | নতুন ৬৫ জন |
| ইনজেকটেবলস | ৪০২৪ জন |
| খাবার বড়ি | ২০৮৭৪ জন |
| কনডম | ২০০৫ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মা ও শিশু স্বাস্থ্য সেবা<br>গর্ভবতীর সংখ্যা: ১৭৭২ জন<br>এএনসি: ৩৭৭ জন<br>পিএনসি: ৬৯ জন<br>ডেলিভারি: UH&FWC : ০৭ জন ও সিএসবিএ কর্তৃক: ০১ জন সর্বমোট: ০৮ জন।<br>জীবিত জন্ম: ০৮ জন<br>মাতৃমৃত্যু: ০ জন<br>শিশু মৃত্যু: ০ জন<br>শিশু স্বাস্থ্য সেবা<br>কেন্দ্র: ৪৬৬ জন<br>কেন্দ্রের বাহিরে: ১০২ জন<br>সাধারণ রোগী: ২১৯২ জন | | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৩ ও বঙ্গমাতা শেখ মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ইউনিয়ন পর্যায়ের খেলা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ের খেলা চলমান।<br><br>২০২২-২৩ অর্থবছরে স্লিপ ফান্ডের ১ম কিস্তিতে ৩৮২৭৫০০/- টাকা এবং ২য় কিস্তিতে ৩৮২৭৫০০/- টাকা সর্বমোট ৭৬৫৫০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম ও ২য় কিস্তির অর্থ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>বিদ্যালয় প্রতি ৪০,০০০/- টাকা হারে ৮৩টি বিদ্যালয়ে রুটিন মেরামত বাবদ মোট ৩৩২০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>১ম পর্যায়ে বিদ্যালয় প্রতি ২০০০০০/- টাকা হারে ৫টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ মোট ১০০০০০০/- টাকা এবং ২য় পর্যায়ে বিদ্যালয় প্রতি ২০০০০০/- টাকা হারে ৮টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ মোট ১৬০০০০০/- টাকা সহ সর্বমোট ২৬০০০০০/- (ছাব্বির লক্ষ)টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম ও ২য় পর্যায়ের প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>পিইডিপি৪ এর আওতায় বিদ্যালয় প্রতি ১৫০০০০০/- টাকা করে ৩ টি বিদ্যালয়ে নিউ বেইজড প্লেয়িং বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>পিইডিপি৪ এর আওতায় ইমারজেন্সি ইন এডুকেশন বাবদ ৮টি বিদ্যালয়ের অনুকূলে ১৬০০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>পিইডিপি৪ এর আওতায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লকের রুটিন মেইনটেনেন্স বাবদ ২২০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

<table>
<tr><td>১৩.</td><td>উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ৩০/০৭/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৬ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয় এবং ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি ধার্য ১,০২,৭৫০/- টাকা এর মধ্যে ১,০২,৭৫০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ধার্য ২৯,১০৩/- টাকা এর মধ্যে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অনলাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭০,২০৯/- টাকা এবং সুদ আদায় ১,১৩,২০২/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা জুলাই/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><td>বিষয়</td><td>চলতি মাস</td><td>চলতি বছর</td><td>ক্রমপুঞ্জিত</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>০</td><td>০</td><td>৮৭৯৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>০</td><td>০</td><td>১,৯৬,১১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৮%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>০</td><td>০</td><td>৩৪৫৫জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table>
তিনি আরও জানান আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ১১ জন যুব ও যুব মহিলার মাঝে ৫,৩০,০০০/- ঋণ বিতরণ করা হবে। ০৩ (তিন) জনকে ত্রৈমাসিক প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান বছরে ঋণ বিতরণ, ঋণ আদায় এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৪,৪৯,৮১,০০০/- (চার কোটি উনপঞ্চাশ লক্ষ একাশি হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১,০১,৮০,০০০/- (এক কোটি এক লক্ষ আশি হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ৪০,৭৮,০০০/- (চল্লিশ লক্ষ আটাত্তর হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৫/- |
| ০৫. | উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৮০/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর জুন/২০২৩ মাসের মজুরী বিল। | ৯,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের জুন/২০২৩ মাসের মজুরী বিল। | ৯,৯০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর জুন/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২৮,৭৮৩/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-৫২ (৪৫)

তারিখঃ ৩১-০৭-২০২৩ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা.................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান....................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য.................................,কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd